# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৪১, ৩৪২]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪২ : পিতা-মাতার ও নিকটাত্মীয়ের বন্ধু, স্ত্রীর সখী এবং যাদের সম্মান করা কর্তব্য তাদের সঙ্গে সদ্ব্যবহার করার মাহাত্ম্য

(42) ـ بَابُ فَضْلِ بِرِّ أَصْدِقَاءِ الْأَبِ وَالْأُمِّ وَالْأَقَارِبِ وَالزَّوْجَةِ وَسَائِرِ مَنْ يُنْدَبُ إِكْرَامُهُ

আরবী

عَن ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا : أَنَّ النَّبيَّ صلى الله عليه وسلم، قَالَ: إنّ أبَرَّ البرِّ أنْ يَصلَ الرَّجُلُ وُدَّ أبيهِ

وَعَن عَبدِ اللهِ بن دينَارٍ، عَن عَبدِ اللهِ بنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا : أنَّ رَجُلاً مِنَ الأعْرَابِ لَقِيَهُ بِطَريقِ مَكَّةَ، فَسَلَّمَ عَلَيهِ عَبدُ الله بْنُ عُمَرَ، وَحَمَلَهُ عَلَى حِمَارٍ كَانَ يَرْكَبُهُ، وَأعْطَاهُ عِمَامَةً كَانَتْ عَلَى رَأسِهِ، قَالَ ابنُ دِينَار : فَقُلْنَا لَهُ : أصْلَحَكَ الله، إنَّهُمُ الأعرَابُ وَهُمْ يَرْضَوْنَ باليَسير، فَقَالَ عبد الله بن عمر : إن أَبَا هَذَا كَانَ وُدّاً لِعُمَرَ بنِ الخطاب رضي الله عنه، وإنّي سَمِعتُ رَسُولَ الله صلى الله عليه وسلم، يَقُولُ: «إنَّ أبَرَّ البِرِّ صِلَةُ الرَّجُلِ أهْلَ وُدِّ أبِيهِ

وفي رِوايَةٍ عَن ابنِ دِينَارٍ، عَن ابنِ عُمَرَ : أنَّهُ كَانَ إِذَا خَرَجَ إِلَى مَكّةَ كَانَ لَهُ حِمَارٌ يَتَروَّحُ عَلَيهِ إِذَا مَلَّ رُكُوبَ الرَّاحِلَةِ، وَعِمَامَةٌ يَشُدُّ بِهَا رَأْسَهُ، فَبيْنَا هُوَ يَوماً عَلَى ذلِكَ الحِمَارِ إِذْ مَرَّ بِهِ أعْرابيٌّ، فَقَالَ : أَلَسْتَ فُلاَنَ بْنَ فُلاَنٍ ؟ قَالَ : بَلَى . فَأَعْطَاهُ الحِمَارَ، فَقَالَ : ارْكَبْ هَذَا، وَأَعْطَاهُ العِمَامَةَ وَقَالَ : اشْدُدْ بِهَا رَأسَكَ، فَقَالَ لَهُ بَعضُ أَصْحَابِهِ : غَفَرَ الله لَكَ أعْطَيْتَ هَذَا الأَعْرَابيَّ حِمَاراً كُنْتَ تَروَّحُ عَلَيهِ، وعِمَامةً كُنْتَ تَشُدُّ بِهَا رَأسَكَ ؟ فَقَالَ : إنّي سَمِعتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: إنَّ مِنْ أبَرِّ البرِّ أنْ يَصِلَ الرَّجُلُ أهْلَ وُدِّ أبيهِ بَعْدَ أنْ يُوَلِّيَ وَإنَّ أبَاهُ كَانَ صَدِيقاً

لِعُمَرَ رضي الله عنه. رَوَى هذِهِ الرواياتِ كُلَّهَا مسلم

বাংলা

১/৩৪৬। ইবনু উমার রাদিয়াল্লাহু ’আনহু কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’যার সাথে পিতার মৈত্রী সম্পর্ক ছিল, তা অক্ষুণ্ণ রাখা সবচেয়ে বড় পুণ্যের কাজ।’’

আব্দুল্লাহ ইবনু দ্বীনার আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ’আনহু ইবনু উমার রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণনা করেছেন, এক বেদুঈন মক্কার পথে তাঁর সাথে মিলিত হল। অতঃপর আব্দুল্লাহ ইবনু উমার তাকে সালাম দিলেন এবং তিনি যে গাধার উপর সওয়ার ছিলেন তার উপর চাপিয়ে নিলেন। আর যে পাগড়ী তাঁর মাথায় ছিল, তিনি তা তাকে দিয়ে দিলেন। ইবনু দ্বীনার বলেন, আমরা বললাম, ’আল্লাহ আপনার মঙ্গল করুন, এরা তো বেদুঈন, এরা তো অল্পেই তুষ্ট হয় (ফলে এর সাথে এত কিছু করার কী প্রয়োজন)?’

আব্দুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু ’আনহু বললেন, ’এর পিতা উমার ইবনু খাত্তাব রাদিয়াল্লাহু ’আনহু-এর বন্ধু ছিলেন। আর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ’’পিতার বন্ধুর সাথে সম্পর্ক বজায় রাখা সবচেয়ে বড় নেকী।’’

অন্য এক বর্ণনায় ইবনু দ্বীনারের সূত্রে ইবনু উমার রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, ইবনু উমারের মক্কা যাওয়ার সময় তার সাথে একটি গাধা থাকত। তিনি যখন উটের উপরে চেপে বিরক্ত হয়ে পড়তেন, তখন (এক ঘেঁয়েমি কাটানোর জন্য) ঐ গাধার উপর চেপে বিশ্রাম নিতেন। তাঁর একটি পাগড়ী ছিল, তিনি তা মাথায় বাঁধতেন। একদিন তিনি গাধার উপর সওয়ার ছিলেন, এমতাবস্থায় এক বেদুঈন তাঁর পাশ দিয়ে অতিক্রম করল। তিনি বললেন, ’তুমি কি অমুকের পুত্র অমুক নও?’ সে বলল, ’অবশ্যই!’ অতঃপর তিনি তাকে গাধাটি দিয়ে বললেন, ’এর উপর আরোহন কর’ এবং তাকে পাগড়ীটি দিয়ে বললেন, ’এটি তোমার মাথায় বাঁধ।’

(এ দেখে) তাঁকে তাঁর কিছু সাথী-সঙ্গী বলল, ’আল্লাহ আপনাকে ক্ষমা করুন! আপনি এই বেদুঈনকে ঐ গাধাটি দিয়ে দিলেন, যার উপর চড়ে আপনি বিশ্রাম নিতেন এবং তাকে ঐ পাগড়ীটিও দিলেন, যেটি আপনি নিজ মাথায় বাঁধতেন?’ তিনি বললেন, ’আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ’’পিতার মৃত্যুর পর তার বন্ধুদের সাথে সম্পর্ক বজায় রাখা সবচেয়ে বড় নেকীর কাজ।’’ আর এর পিতা উমার রাদিয়াল্লাহু ’আনহু-এর বন্ধু ছিলেন। [1]

এ বর্ণনাগুলো সবই ইমাম মুসলিম বর্ণনা করেছেন।

## English

(42) Chapter: Excellence in doing Good to the Friends of Parents and other Relatives

'Abdullah bin 'Umar (May Allah be pleased with them) reported:

The Prophet (ﷺ) said, "The finest act of goodness is that a person should treat kindly the loved ones of his father".

'Abdullah bin Dinar reported:
'Abdullah bin 'Umar (May Allah be pleased with them) met a bedouin on his way to Makkah, he greeted him, offered him to mount the donkey he was riding and gave him the turban he was wearing on his head. Ibn Dinar said to him: "May Allah make you pious! Bedouins can be satisfied with anything you give them (i.e., what you have given the bedouin is too much). Upon this, 'Abdullah bin 'Umar said, the father of this man was one of 'Umar's friends whom he loved best, and I heard Messenger of Allah saying, "The finest act of goodness is the good treatment of someone whom one's father loves".

Another narration goes: When 'Abdullah bin 'Umar (May Allah be pleased with them) set out to Makkah, he kept a donkey with him to ride when he would get tired from the riding of the camel, and had a turban which he tied round his head. One day, as he was riding the donkey, a bedouin happened to pass by him. He ('Abdullah bin 'Umar) said, "Aren't you so-and-so?" The bedouin said, "Yes". He ('Abdullah bin 'Umar) gave him his donkey and his turban and said, "Ride this donkey, and tie this turban round your head". Some of his companions said, "May Allah forgive you, you gave to this bedouin the donkey which you enjoyed to ride for change, and the turban which you tied round your head".'Abdullah bin 'Umar said,"I heard Messenger of Allah (ﷺ) saying, 'The finest act of goodness is the kind treatment of a person to the loved ones of his father after his death,' and the father of this person was a friend of 'Umar (May Allah be pleased with him).

[Muslim].

Commentary: This Hadith teaches that after the death of one's parents, one should maintain contact with their friends and treat them nicely. Besides being a great virtue it is warranted by the needs for showing compassion to relatives. To forget friends of one's parents and break contact with them is condemned by the Shari`ah.

ফুটনোট

[1] মুসলিম ২৫৫২, তিরমিযী ১৯০৩, আবূ দাউদ ৫১৪৩, আহমাদ ৫৫৮০, ৫৬২১. ৫৬৮৮, ৫৮৬২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22777

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন